

তারিখ: ০৩/০৪/২০২৩ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য প্রাথমিক আবেদন অনলাইনে (০৫ এপ্রিল থেকে ০৮ মে ২০২৩ তারিখ পর্যন্ত) সম্পন্ন করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট/নগদ/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড) এর মাধ্যমে অবশ্যই জমা দিতে হবে।

**১। আবেদনের যোগ্যতা:**

(ক) বাংলাদেশের স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয়ের মানবিক গ্রুপ থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষায় এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ (৪র্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশের স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষায় এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ (৪র্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল/বিএম/ডিপ্লোমা-ইন-কমার্স) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঘ) HSC/সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তিযোগ্য বিষয় নির্ধারণ করা হবে। অধিভুক্ত বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও গণিত।

(ঙ) ২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(চ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীরা বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত SSC/HSC পাশের নম্বরপত্রের সমতা নিরূপণ করা সাপেক্ষে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করবে। তবে নির্ধারিত সময়ে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর সরাসরি অথবা ইমেইল: drughonours@gmail.com -এ আবেদন প্রেরণ করবে।

(ছ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/পাস) শ্রেণির নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থী পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল পূর্বক ভর্তি হতে পারবে।

**২। আবেদনের সময়সূচী:**

(ক) প্রাথমিক আবেদন ফরম পূরণ/প্রিন্টকপি সংগ্রহের তারিখ : ০৫/০৪/২০২৩ হতে ০৮/০৫/২০২৩ খ্রি.

(খ) প্রাথমিক আবেদন ফি অনলাইনে আগামী ০৮/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত লিংক <https://sbl.com.bd:7070>-এ প্রবেশ করে Education tab-এ ক্লিক করে National University Fees মেন্যুতে গিয়ে Application Fee সিলেক্ট করে চাহিত সকল তথ্যাদি ক্লিক করে আবেদন ফি ২৫০/- টাকা জমা দিতে হবে।


**৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:**


(ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab -এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি (মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

(ঘ) আবেদনকারীকে ফরমের প্রিন্টকপিতে নির্ধারিত স্থানে নিজ স্বাক্ষর প্রদান করে সংরক্ষণ করতে হবে।

  
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
আহ্বায়ক  
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি/২০২২-২৩  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। আহ্বায়ক, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ..... (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে এ বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।